# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পেশাব-পায়খানার আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৫। অধিকাংশ খবীস জিনরা নোংরা স্থানে বাস করে বা আসে যায়

আর শয়তান হল মানুষের চিরশত্রু। শয়তান মানুষকে বেইজ্জত করতে চায়, বেআবরু দেখতে পছন্দ করে। কিন্তু প্রস্রাবাগার বা পায়খানা ঘরে বা স্থানে প্রবেশ হওয়ার পূর্বে ‘বিসমিল্লাহ’ পড়লে আল্লাহর হুকুমে তাদের চোখে পর্দা পড়ে যায়।[1] অতঃপর শয়তানের অনিষ্ট থেকে বাঁচতে নিম্নের দু‘আ পড়তে হয়।

اَللّٰهُمَّ إِنِّيْ أَعُوْذُ بِكَ مِنَ الْخُبُثِ وَالْخَبَائِثِ

চ্চারণঃ আল্লা-হুম্মা ইন্নী আঊযুবিকা মিনাল খুবুষি অল খাবা-ইষ।

অর্থঃ হে আল্লাহ! নিশ্চয় আমি পুরুষ ও নারী খবীস জিন হতে তোমার নিকট আশ্রয় প্রার্থনা করছি।[2]

## ফুটনোট

[1]. তিরমিযী হা/৬০৬, ইবনে মাজাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/২৯৭

[2]. বুখারী, তাওহীদ পাবঃ হা/৬৩১৪ ইসলামিক ফাউন্ডেশন হা/৫৭৬২ আধুনিক প্রকাশনী হা/৫৮৬৯, মুসলিম, হাদীস একাডেমী হা/৭১৭ ইসলামিক ফাউন্ডেশন ৭১৫, ইসে.৭৩০, মিশকাত, ৩৩৭

Source — https://www.hadithbd.com/books/link/?id=6989

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন